

দুবাইয়ের আকাশে ভাসমান বাগান

- A Monitor Desk Report

Date: 08 February, 2025



দুবাইঃ রিসোর্টের ১০০ মিটার উঁচু এ প্রকল্পে থাকবে বুলন্ত বাগান, থার্মাল ও মিনারেল ওয়াটারের ক্যাসকেডিং পুল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জায়গা। ডিএস+আর নামের একটি প্রতিষ্ঠান এর ডিজাইন করেছে। এটি জাবেল পার্কে, রয়্যাল প্যালেসের পাশে অবস্থিত হবে।

দুবাই তার নজরকাদা স্থাপত্যের জন্য বিখ্যাত। এর বর্জ খলিফা থেকে শুরু করে বিশ্ব দ্বীপপুঞ্জ পর্যন্ত সবকিছুতেই চমক থাকে। এবার ‘থার্মে গুপ’ নামের একটি প্রতিষ্ঠান ‘থার্মে দুবাই □ আইল্যান্ডস ইন দ্য স্কাই’ নামে একটি নতুন প্রকল্প নিয়ে এসেছে।

রিসোর্টের ১০০ মিটার উঁচু এ প্রকল্পে থাকবে বুলন্ত বাগান, থার্মাল ও মিনারেল ওয়াটারের ক্যাসকেডিং পুল ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জায়গা। ডিএস+আর নামের একটি প্রতিষ্ঠান এর ডিজাইন করেছে। এটি গড়ে উঠবে জাবেল পার্কে, রয়্যাল প্যালেসের পাশে।

থার্মে গুপের সিইও রবার্ট হানিয়া বলেন, দুবাই জানে যে ভবিষ্যতের শহরকে সুস্থতার উপর ভিত্তি করে তৈরি করতে হবে। ডিএস+আর এর একজন অংশীদার এলিজাবেথ ডিলার বলেন, প্রত্যেকটি দ্বীপ থার্মাল পুল, ডেক ও সবুজ গাছপালা দিয়ে তৈরি।

থার্মে জানায়, রিসোর্টটি তার থার্মাল পুলের ৯০ শতাংশ পানি আবার ব্যবহার করবে। আর রিসোর্টের বাতাস শীতল রাখার ৮০ শতাংশই আসবে পরিচ্ছন্ন শক্তি থেকে। ২০২৬ সালে রিসোর্টটির নির্মাণকাজ শুরু হয়ে ২০২৮ সালে শেষ হবে।

এছাড়াও দুবাইতে আরো কিছু বড় স্থাপত্য প্রকল্প আসছে। এখানে বর্জ আজিজি ও সিয়েল দুবাই মারিয়ানার মতো বিশ্বের দ্বিতীয় সর্বোচ্চ আকাশচুম্বী অট্টালিকা তৈরি হচ্ছে।